

## শাবিতে সিইসি কার্নিভাল শেষ পাবলিক বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব হবে

সিলেট অফিস >

দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে বিশেষায়িত ল্যাব নির্মাণের ঘোষণা দিয়েছেন তথা ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল শনিবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী প্রযুক্তি উৎসবের (সিইসি কার্নিভাল) পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেওয়ার সময় তিনি এ ঘোষণা দেন। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ পঞ্চমবারের এ প্রযুক্তি উৎসবের আয়োজন করে। এ পুরো আয়োজনের স্পন্সর ছিল কানাডাভিত্তিক অন্যতম শীর্ষস্থানীয় সফটওয়্যার প্রতিষ্ঠান আইপিভিশন-কানাডা ইনকর্পোরেশন।

শাবি উপাচার্য ড. আমিনুল হক ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, আইপিভিশন কানাডা ইনকর্পোরেশনের সিইও রাকিবুল হাসান, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. রাশেদ তালুকদার প্রমুখ। অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বিশেষায়িত ল্যাব নির্মাণের জন্য শাবিপ্রবিতে ৪০ লাখ টাকা বরাদ্দ দেন। প্রযুক্তি উৎসবের বিভিন্ন ধরনের আয়োজনের মধ্যে প্রধান চারটি ইভেন্ট ছিল, প্রোগ্রামিং প্রতিযোগিতা, সফটওয়্যার প্রতিযোগিতা, প্রজেক্ট প্রদর্শনী ও গেমিং প্রতিযোগিতা।

প্রোগ্রামিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় হয়েছে শাবিপ্রবি ও তৃতীয় হয়েছে বুয়েট। প্রজেক্ট প্রদর্শনীতে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, দ্বিতীয় হয়েছে সিলেট মেট্রোপলিটন ইউনিভার্সিটি ও তৃতীয় হয়েছে শাবিপ্রবি। সফটওয়্যার প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় ও দ্বিতীয় হয়েছে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি। এ ছাড়া মোবাইল অ্যান্সিকেশন প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও দ্বিতীয় হয়েছে শাবিপ্রবি।

শাবি ছাত্রলীগের হাতাহাতি : তথা ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের উপস্থিতিতে হাতাহাতিতে জড়িয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা। গতকাল বিকেল সাড়ে ৩টার দিকে প্রতিমন্ত্রী ক্যাম্পাসের আইআইসিটি ভবনের সামনে উপস্থিত হলে ছাত্রলীগের নেতাকর্মীরা শাবি শাখার বিভিন্ন নেতাদের নামে স্লোগান ধরে। এ সময় উদ্ভোজনা সৃষ্টি হয় এবং বিভিন্ন ক্রপের কর্মীদের মধ্যে হাতাহাতি শুরু হয়। পরে প্রতিমন্ত্রীর হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।